



# বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটি কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

-২-

বিএসইসি/সিডিএস/১০/২০১৬/৮৩৫

জুন ২০, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক ও সিইও  
সেন্ট্রাল ডিপজিটরি বাংলাদেশ লিমিটেড  
বিডিবিএল ভবন (১৯ তলা)  
১২, কাওরান বাজার  
ঢাকা-১২১৫

বিষয়ঃ একাধিক বিও হিসাবে একই মোবাইল নাম্বার, জাতীয় পরিচয় পত্র ও ব্যাংক হিসাব ব্যবহার প্রসঙ্গে।

মহোদয়,

আপনাদের প্রেরিত ২০ মে, ২০১৯ তারিখের পত্রের প্রেক্ষিতে উপরোক্ত বিষয়ে পত্রে সংযুক্ত সার্কুলারটি সকল Depository Participants (DP)-দের মাঝে অন্তিবিলম্বে বিতরণ করার জন্য অনুরোধ করা হলো এবং এ বিষয়ে আগামী ৩১ জুলাই, ২০১৯ তারিখের মধ্যে কমিশনে এর পরিপালন সংক্রান্ত Compliance report জমা দেয়ার জন্য আপনাদের সর্বিনয়ে অনুরোধ করা হল।

বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে,

সৈয়দ মুহাম্মদ গোলাম মাওলা  
সহকারী পরিচালক (সিডিএস)  
টেলিফোন নাম্বার- +৮৮ ০২-৫৫০০৭১৩১, ৫৫০০৭১৩২, এক্স-১৪১২  
ই-মেইল- gmowla@sec.gov.bd

সংযুক্তি: ১ (এক) পাতা

অনুলিপি: পিএস টু চেয়ারম্যান, বিএসইসি।



# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

স্মারক নং-বিএসইসি/সিডিএস/১০/২০১৬/ ৮৩৬

তারিখ: জুন ২০, ২০১৯

## সার্কুলার

বিষয়: একই জাতীয় পরিচয়পত্র, মোবাইল নাম্বার, ব্যাংক হিসাব নং বিভিন্ন বিও হিসাবে ব্যবহার প্রসংগে।

ইদানিংকালে লক্ষ্য করা যাচ্ছে যে, একই জাতীয় পরিচয়পত্র, মোবাইল নাম্বার এবং ব্যাংক হিসাব নাম্বার কিছু ক্ষেত্রে বিভিন্ন বিও হিসাবে ব্যবহার করা হচ্ছে যা বেআইনি এবং কোনক্রমেই কাম্য নয়।

এই সার্কুলারের মাধ্যমে সকল ডিপোজিটরি অংশগ্রহণকারীর দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে যে, তাদের নিকট রাখিত বিও হিসাবে এই ধরণের সমস্যা থাকলে তা আগামী ২১ জুলাই, ২০১৯ এর মধ্যে সংশোধন করতে হবে। উল্লেখ্য, যে ব্যক্তির নামে বিও হিসাব ঠিক তারই জাতীয় পরিচয়পত্র, মোবাইল নাম্বার এবং ব্যাংক হিসাব ব্যবহার করতে হবে, কোনক্রমেই অন্যের জাতীয় পরিচয়পত্র, মোবাইল নাম্বার বা ব্যাংক হিসাব ব্যবহার করা যাবে না।

তাছাড়া বিও হিসাবে হিসাবধারকের ইমেইল (যদি থাকে) সন্নিবেশিত করার জন্যও ডিপোজিটরি অংশগ্রহণকারীদের অনুরোধ করা হলো যাতে হিসাবধারকগণ কোম্পানী অথবা মিউচুয়াল ফান্ডের সকল বিবরণী ও নোটিশ ইমেইলের মাধ্যমে খুব সহজেই পান।

উল্লেখিত বিষয়ে সকল ডিপোজিটরি অংশগ্রহণকারীর সহযোগিতা কামনা করা হচ্ছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন -এর আদেশক্রমে,

Farhad Ahmed  
20/06/2019

ফরহাদ আহমেদ  
নির্বাচী পরিচালক  
এসআরআই ও সিডিএস বিভাগ, বিএসইসি  
টেলিফোন-৫৫০০৭১৪২  
ইমেইল: farhad@sec.gov.bd